

AKO, SAPP0, 2020  
SAPP0 19 নিম্ন লোটারে  
update করা  
০৫১৩৩৩

উপজেলা কৃষি অফিস, সাধুগাপুর	
YAO	২৪০২
VEO- 1	৭/১২
SAPO	
SAPP0	
EV3	
UDA	
ক্রমিক নং:	কৃষি সহায়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নং- ১২. ১২.১০.০০০০.১৬৬.৯৯.০০৪.১৯. ৩০৫৫ (৫০)

তারিখ: ২৬/০৪/২০২৩ খ্রি.

বিষয়: বিনা ধান২৫ জাতের আবাদ মাঠপর্যায়ে সম্প্রসারণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে বিনা ধান২৫ এর চমৎকার ফলন প্রদর্শিত হয়েছে। এ জাতটি প্রিমিয়াম কোয়ালিটি (অতি লম্বা ও সবু) গুণসম্পন্ন বোরো জাত। গড় ফলন হেক্টরপ্রতি ৭.৬৪ মে. টন এবং সর্বোচ্চ ফলন ৮.৫০ মে. টন। দেশের সকল উঁচু ও মধ্যম জমিতে (লবণাক্ত এলাকা ব্যতীত) এ জাতটি চাষাবাদ করা যায়। দেশের খাদ্য নিরাপত্তানিশ্চিতকরণে বিনা ধান২৫ এর মাঠপর্যায়ে আবাদ সম্প্রসারণ হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, বিনা ধান২৫ এর আবাদ সম্প্রসারণ ও জাতটি জনপ্রিয়করণের জন্য ব্যাপক প্রচার-প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ: ২৬/০৪/২৩  
মোঃ তাজুল ইসলাম পাটোয়ারী  
পরিচালক  
ফোনঃ ৫৫০২৮৪০৩  
২৬/০৪/২৩

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-----অঞ্চল (সকল)।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-----জেলা (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

- ১। অতিরিক্ত পরিচালক (সকল), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৩। অফিস নথি।

নিয়ন্ত্রণ আফিস  
খাদ্য নিয়ন্ত্রক দপ্তর  
স্মারক নং-২৭১(১১)  
০৭/০৮/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
সাদুল্লাপুর, গাইবান্ধা।

উপজেলা কৃষি অফিস, সাদুল্লাপুর	
AAO	২/৩/২৩
AEO	৭/০৮/২৩
CAEO	
SAPRO	
SAAO	
IEA	উপজেলা কৃষি অফিসার সাদুল্লাপুর, গাইবান্ধা
টাঃ	তাঃ


তারিখঃ ২৬/০৮/২০২৩খ্রি.

প্রাপকঃ চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ  
সাদুল্লাপুর, গাইবান্ধা।

বিষয়ঃ বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে কৃষকের অ্যাপে ধানচাষী কৃষকের অন্তর্ভুক্তি করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে সরকার সারাদেশে চার লক্ষ মেগটন ধান সংগ্রহের পরিকল্পনা গ্রহন করেছে। সরকারের সিদ্ধান্তের আলোকে সাদুল্লাপুর উপজেলাতেও কৃষকের নিকট হতে ধান সংগ্রহ করা হবে। কৃষককে মূল্য সহায়তা প্রদান এবং ধানের বাজার দর কৃষকের অনুকুলে রাখার লক্ষ্যে বর্তমান সংগ্রহ মৌসুমে প্রতি কেজি ৩০/- (ত্রিশ) টাকা (প্রতি মন ১২০০/- টাকা) দরে ধান সংগ্রহ করা হবে। ধান সংগ্রহের বিষয়টি “কৃষকের অ্যাপ” নামক অ্যাপ্লিকেশন সফটওয়্যার এর মাধ্যমে পরিচালিত হবে। উক্ত কার্যক্রমে সর্বাধিক সংখ্যক কৃষককে সম্পৃক্ত করার লক্ষ্যে আপনার ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তা, ইউডিসি উদ্যোক্তা ও ইউপি সদস্যবৃন্দের মাধ্যমে আগ্রহী কৃষকগণকে “কৃষকের অ্যাপ” এ অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করণের মাধ্যমে “কৃষকের অ্যাপ” এ আপনার ইউনিয়নের আগ্রহী কৃষকগণকে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ বিষয়ে আপনি আপনার নিকটবর্তী এলএসডিএর ভারপ্রাপ্ত কর্মকর্তা ও অত্র দপ্তরের সার্বিক সহযোগিতা গ্রহণ করতে পারবেন।

  
(এ.এইচ.এম.তৌহিদুল্লাহ)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
সাদুল্লাপুর, গাইবান্ধা।

স্মারক নং-২৭১(১১)

তারিখঃ ২৬/০৮/২০২৩খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যক্রম গ্রহণের জন্য।


১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।

২। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।

৩। উপজেলা কৃষি কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা। আপনার অধীনস্থ উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে স্ব স্ব ইউনিয়নের কৃষকবৃন্দকে “কৃষকের অ্যাপ” এ অন্তর্ভুক্তির সক্রিয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।

৪। ইউপি সচিব, ..... ইউনিয়ন পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা।

৫। দপ্তর নথি।

  
(এ.এইচ.এম.তৌহিদুল্লাহ)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
সাদুল্লাপুর, গাইবান্ধা।